



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১২২/ ২৬ ৭৭/৪

তারিখঃ ২৪/০৮/২০১৭খ্রিঃ

বিষয়ঃ অভিযোগ হতে অব্যাহতি প্রদান ও কমিটির শূন্য পদ পূরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নম্বর- ০৫.৪৫.৬১২০.০০৬.০২৩.০০১.১৭-৩৯৬; তারিখঃ ২২/০৬/২০১৭
২) নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১২২/২২৮৬/৪; তারিখঃ ১৩/০৪/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলাধীন নবীনগর বি, এইচ দাখিল মাদরাসার বর্তমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ ছিদ্দিকুর রহমান মুন্সির বিরুদ্ধে কমিটির অপর ০৮ (আট) জন সদস্য ৩১,০০,০০০/- (একত্রিশ লক্ষ) টাকার নিয়োগ বাণিজ্যের অভিযোগ এনে অব্যাহতি চেয়ে অত্র বোর্ডে একখানা আবেদনপত্র দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে বিষয়টি সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ-কে পত্র দেয়া হয়।

উক্ত পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অভিযোগকারী ০৮ জনের মধ্যে কমিটির ০৪ জন সদস্য বলেছেন তারা নিজে কিছু জানেন না, লোক মারফত জেনেছেন। ০১ জন সদস্য বলেছেন- সে কিছু জানেন না এবং স্বাক্ষরও করেননি। এছাড়া ০৩ জন শিক্ষক প্রতিনিধি সদস্য লিখিত বক্তব্যে জানিয়েছেন যে, তারা অভিযোগ সম্পর্কে শুনেননি কিন্তু কার থেকে কিভাবে অর্থ নিয়েছেন জানেন না তবে তারা স্বেচ্ছায় কমিটির সদস্যপদ থেকে লিখিতভাবে পদত্যাগ করেছেন। অত্র মাদরাসাটি পরিদর্শনের সময় এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, রেকর্ডপত্র, অভিযোগকারীদের স্বাক্ষর, লিখিত ও মৌখিক বক্তব্যে প্রতীয়মান হয়েছে যে, অভিযোগটি উদ্দেশ্যমূলক সাজানো, মিথ্যা, অসত্য ও ভিত্তিহীন।

বর্ণিত অবস্থায় সভাপতি জনাব মোঃ ছিদ্দিকুর রহমান মুন্সির বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমানিত না হওয়ায় তাকে উক্ত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো এবং বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩১(১) অনুসারে পদত্যাগ জনিত কারণে ০৩ জন শিক্ষক প্রতিনিধি সদস্যের শূন্য পদ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ম্যানেজিং কমিটির সভাপতি ও সুপারকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি, ম্যানেজিং কমিটি;
২) সুপার, নবীনগর বি, এইচ দাখিল মাদরাসা, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১২২/ ২৬ ৭৭/৪

তারিখঃ ২৪/০৮/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৪. সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, নবীনগর বি, এইচ দাখিল মাদরাসা, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

স্বাঃ

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪